# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

## بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، عَنِ الْأَوْزَاعِيِّ، عَنْ بَحِيرِ بْنِ سَعْدٍ، عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ، قَالَ: «النَّاسُ عَالِمٌ وَمُتَعَلِّمٌ، وَمَا بَيْنَ ذَلِكَ هَمَجٌ لَا خَيْرَ فِيهِ

إسناده ضعيف لضعف محمد بن كثير بن أبي عطاء

বাংলা

৩৩২. খালিদ ইবনু মা’দান বলেন: মানুষ (এ দু’ প্রকারের): আলিম ও ইলম শিক্ষার্থী; এ দু’য়ের মাঝে রয়েছে নির্বোধ লোকজন- তাদের মাঝে কোনো কল্যাণ নেই।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ, কারণ মুহাম্মদ ইবনু কাছীর বিন আবী আতা যয়ীফ। (এর মারফূ’ সহীহ শাহিদ হাদীসের কারণে সহীহ- যা তাখরীজে উল্লেখ আছে।-অনুবাদক)

তাখরীজ: কিন্তু এর শাহিদ রয়েছে ইবনু মাসউদ কর্তৃক বর্ণিত মারফূ’ হাদীসে যা আমরা আমাদের তাহক্বীক্বকৃত মাওয়ারিদুয যাম’আন, নং ৪৯৮ এ বিস্তারিত বর্ণনা করেছি।

এছাড়া আবু দারাদা’ হতেও এটি মারফূ’ হিসেবে বর্ণিত হয়েছে যা মাজমাউয যাওয়াইদ নং ৫০০ তে আমরা বিস্তারিত তাখরীজ করেছি। এছাড়া এটি রয়েছে আহমদ, আয যুহদ পৃ: ১৩৬; ইবনু আব্দুল বার, জামি’ বায়ানিল ইলম নং ১১৪ আবু দারদা’ হতে..... এ সনদ সহীহ, যদি খালিদ আবূ দারদা রা: হতে শুনে থাকেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69643

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন